

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ জরিপ অধিদপ্তর  
সহকারী সার্ভেয়ার জেনারেল  
<http://www.sob.gov.bd>  
তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা ১২০৮

স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০০৮.২৫.০০৩.১৭.৭৯

তারিখ: ১৩ মাঘ ১৪২৭

২৭ জানুয়ারি ২০২১

বিষয়: মানচিত্রে প্রদর্শনের লক্ষ্যে সরেজমিনে মাঠ হতে বাংলা ও ইংরেজিতে বিভিন্ন স্থানের নাম সংগ্রহ করা প্রসঙ্গে।

সূত্র: স্মারক নম্বর: ২৩.০৮.০০০০.০১৯.৪৭.০০৩.১৭.৫৪তারিখ: , ২৪ জানুয়ারি ২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রপত্রের প্রেক্ষিতে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের টপোগ্রাফিক মানচিত্র জরিপ কার্যক্রমের সময় মাঠ হতে বিভিন্ন নাম 22 Topo ফর্মে সংগ্রহ করা হয়। উক্ত ফর্মে সাধারণত প্রথমে বাংলা নাম সংগ্রহ করা হয় এবং পরবর্তীতে বাংলা থেকে ইংরেজিতে বানান লিপিবদ্ধ করে স্থানীয়ভাবে যাচাই করা হয়। ফর্মে বাংলা ও ইংরেজি উভয় বানান থাকলেও, টপোগ্রাফিক মানচিত্র ইংরেজি ভাষায় প্রস্তুত হওয়ার কারণে জিআইএস ডাটাবেসে শুধু ইংরেজি নামই অন্তর্ভুক্ত করা হয়। পরবর্তীতে একই ডাটাবেস ব্যবহার করে বাংলা মানচিত্র (যেমনঃ জেলা মানচিত্র, বিভাগীয় মানচিত্র ইত্যাদি) প্রস্তুতের সময় বাংলা নাম অন্তর্ভুক্ত করতে সমস্যা হয় ও নাম নিয়ে বিভ্রাটের সৃষ্টি হয়। উল্লেখ্য মাঠ জরিপকারী অফিস ইংরেজি নামের পাশাপাশি বাংলা নামও টাইপ করে ১ নং কার্টোগ্রাফিক অফিসের জিআইএস শাখায় জমা দেয় এবং জিআইএস শাখা উক্ত নাম ডাটাবেসে সংরক্ষণ করে, তাহলে পরবর্তীতে বাংলা মানচিত্র প্রণয়নের কাজ সহজ ও নির্ভুল হবে।

অতএব, সকল মাঠ জরিপকারীকে (২০২০-২০২১) সরেজমিনে মাঠ হতে সঠিক বাংলা ও ইংরেজি নাম সংগ্রহ ও যাচাই করে ডিজিটাল ফরমেটে ১ নং কার্টোগ্রাফিক অফিসের জিআইএস শাখায় জমা দেয়ার জন্য এবং জিআইএস শাখাকে উক্ত নাম ডাটাবেসে সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-১-২০২১

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মুনিরুজ্জামান

সার্ভেয়ার জেনারেল

ফোন: ৮১৭০০৮০

ফ্যাক্স: ৯১১৭৪৬৩

ইমেইল: [sg@sob.gov.bd](mailto:sg@sob.gov.bd)

বাংলাদেশ জরিপ অধিদপ্তর পত্রজারী গুপ (এএসজি)

২৭-১-২০২১

মোঃ জাকিরুল করিম

উপ-পরিচালক (জরিপ)